The Children's Guardian

Helping to achieve the best possible outcome for children who need safeguarding

দি চিলড্রেনস্ গার্ডিয়ান (শিশুদের অভিভাবক)

যে সব শিশুদের স্বরক্ষা প্রদানের প্রয়োজন হয় তাদের জন্য সম্ভাব্য সর্বোৎকৃষ্ট ফলাফল অর্জন করতে সাহায্য করে

(Bengali)

ক্যাফকাস (CAFCASS) কি?

'চিলড্রেন এ্যান্ড ফ্যামিলি কোর্ট এ্যাড্ভাইজরি এ্যান্ড সাপোর্ট সার্ভিস' (শিশু এবং পারিবারিক আদালত উপদেষ্টা এবং সহায়তা সেবা) - 'ক্যাফকাস' - সেইফগার্ডস্[১] এবং এর কাজ হলো পারিবারিক আদালতের মামলায় জড়িত শিশুদের মঙ্গল স্বরক্ষিত করণ এবং উন্নতিবিধান করা। আমরা শিশু ও তাদের পরিবারদের নিয়ে কাজ করি, শিশুদের বক্তব্য যাতে শোনা হয় এবং তাদের চাহিদা যাতে মেটানো হয় তা স্বনিশ্চিত করে।

আমরা কোর্টকে উপদেশ দেই যাতে তারা যে সিদ্ধান্ত নেয় তাতে ছেলেমেয়েদের সর্বাধিক স্বার্থ স্বরক্ষিত হয়। আমরা কোর্ট, সোস্যাল সার্ভিস[২] এডুকেশান এন্ড হেলথ্ অথরিটির (শিক্ষা ও স্বাস্থ্য কর্তৃপক্ষ) এবং সমতুল্য সমস্ত এজেন্সীগুলো থেকে স্বতন্ত্র। আমরা পারিবারিক আদালতগুলোতে (ফ্যামিলি কোর্ট) কাজ করি । এই ফৌজদারী আদালত (ক্রিমিনাল কোর্ট) নয়।

---

[১] যে সব সংস্থা ও এজেন্সীগুলো ছেলেমেয়েদের নিয়ে কাজ করে তাদের ওপর ছেলেমেদের কল্যাণ স্বরক্ষিত রাখা ও উন্নতিবিধান করা বিশেষত: স্বাস্থ্যবান হওয়া, নিরাপদ থাকা, আনন্দ উপভোগ করা ও অর্জন করা, একটি সদর্থক অবদান রাখা ও অর্থনৈতিক স্বাঙ্গন্দ অর্জন করার ক্ষেত্রে ব্যবস্থা নেওয়াকে দি চিলড্রেন এ্যাক্ট 2004 একটি আইনগতভাবে বিধিবদ্ধ কর্তব্য হিসেবে স্থাপন করে।

[২] এই লিফলেটে (প্রচারপত্রে) 'সোস্যাল সার্ভিসেস' শব্দটি সমাজ কল্যাণের কাজকর্ম সম্পর্কে এবং বিশেষত: শিশুদের সামাজিক কেয়ার (যত্ন নেওয়ার ক্ষেত্রে স্থানীয় কর্তৃপক্ষের লোকাল অথরিটির) কাজকর্মকে নির্দেশ করে।

‘চিলড্রেন্স গার্ডিয়ান’ কি?

চিলড্রেন্স গার্ডিয়ানগণ সোস্যাল ওয়ার্কে যোগ্যতাসম্পন্ন এবং শিশুদের ও পরিবারদের নিয়ে কাজ করায় প্রশিক্ষণপ্রাপ্ত ও অভিজ্ঞ। যে সব কেসের সঙ্গে সোস্যাল সার্ভিসেস যুক্ত তাদের ক্ষেত্রে শিশুদের অধিকার ও স্বার্থ রক্ষায় প্রতিনিধিত্ব করার জন্য তারা কোর্টের দ্বারা নিযুক্ত হয়। তারা সোস্যাল সার্ভিসেস, কোর্ট এবং এই কেসের সঙ্গে যুক্ত অন্যান্য প্রত্যেকের থেকে নিরপেক্ষ। চিলড্রেন্স গার্ডিয়ানরা ‘ক্যাফকেসের’ হয়ে কাজ করে। অথবা স্বনিযুক্তও হতে পারে এবং আমাদের দ্বারা চুক্তিবদ্ধ হতে পারে।

চিলড্রেন্স গার্ডিয়ানরা কি করে?

চিলড্রেন্স গার্ডিয়ানরা যে সব শিশুর জন্য প্রতিনিধিত্ব করে তাদের সম্ভাব্য সর্বোৎকৃষ্ট ফলাফল অর্জনে সাহায্য করার জন্যই রয়েছে। বিশেষত, তারা:

- একজন সলিসিটর (উকিল) নিয়োগ করেন তিনি শিশুদের ও পরিবারদের নিয়ে কাজ করায় বিশেষজ্ঞ
- কোর্ট (আদালত) তার সিদ্ধান্ত নেওয়ার আগে কি কাজ করা দরকার সে সম্পর্কে কোর্টকে উপদেশ দেন
- শিশুটির জন্য সবচেয়ে ভাল কি হবে বলে তারা মনে করেন তা বলে কোর্টের জন্য একটি রিপোর্ট লেখেন। রিপোর্টটি শিশুটির ইচ্ছা ও অনুভূতি সম্পর্কে অবশ্যই কোর্টকে বলবে।

এটি করতে, শিশুটিকে ও তাদের পরিবারের সদস্যদের জানতে গিয়ে চিলড্রেন্স গার্ডিয়ান সময় ব্যয় করেন। তারা অন্যান্য লোকজনের সঙ্গে কথা বলেন যারা পরিবারটিকে চেনে, যেমন আত্মীয়স্বজন, শিক্ষকগণ, সোস্যাল ওয়ার্কাররা এবং স্বাস্থ্য এবং হেলথ ভিজিটরস্ তারা শিশুটির হয়ে মিটিং এ উপস্থিত হন, রেকর্ড, পরীক্ষা করেন এবং রিপোর্ট ও স্টেটমেন্ট পড়েন। তারা কোর্টের কাছে সুপারিশ ও করতে পারেন যে অন্যান্য পেশায় নিযুক্ত ব্যক্তিদের সাহায্য করতে বলা হোক, যেমন একজন পিডিয়াট্রিশান (শিশু চিকিৎসক) অথবা সাইকোলজিস্ট (একজন মনোবিদ)।

আমি চিলড্রেন্স গার্ডিয়ান কে যা বলি তা কি গোপনীয়?

চিলড্রেন্স গার্ডিয়ান কে আপনার দেওয়া যে কোন তথ্য তাদের কোর্টের রিপোর্টে ব্যবহৃত হতে পারে। এবং তথ্যটি অন্যান্য উদ্দেশ্যে ও দেওয়া হতে পারে। উদাহরণস্বরূপ, যদি কোন শিশু সুরক্ষার উদ্বেগ থাকে তবে কখনও কখনও অন্যান্য এজেন্সীকে তথ্য দেওয়ার দরকার হয়। তাছাড়াও শিশুদের ও পরিবারদের সুবিধার্থে আমরা গবেষনা চালানোর অধিকারী এবং সময়ে সময়ে আপনার তথ্য এইরূপ গবেষনায় বেনামে ব্যবহৃত হতে পারে।

একজন শিশু যা চায় চিলড্রেনস্ গার্ডিয়ান কি সবসময় তাই অনুমোদন করেন?

যদিও চিলড্রেনস্ গার্ডিয়ানরা শিশুর ইচ্ছা ও অনুভূতিকে সবসময় বিবেচনা করেন, তবু ও তারা যা সবচেয়ে ভাল বলে মনে করেন তাও তাদের রিপোর্টে বলবেন। এটি শিশু যা চায় তার সঙ্গে একই নাও হতে পারে।

চিলড্রেনস্ গার্ডিয়ান যা পরামর্শ দেয় কোর্ট কি সবসময় করে?

কোর্টই সিদ্ধান্ত নেয় কি হবে, কিন্তু চিলড্রেনস্ গার্ডিয়ান যা বলেন তা কোর্ট মনোযোগ সহকারে লক্ষ্য করবে। চিলড্রেনস্ গার্ডিয়ান যা অনুমোদন করেছে কোর্ট যদি তার সঙ্গে একমত না হন তবে তার কারণ ব্যাখ্যা করবে।

আমি কি চিলড্রেনস্ গার্ডিয়ান এর রিপোর্ট দেখতে পাব?

কোর্টে পাঠানোর আগে চিলড্রেনস্ গার্ডিয়ান সাধারণত: তাদের রিপোর্ট নিয়ে আপনার সঙ্গে আলোচনা করবেন। যখন এটি কোর্টে পাঠানো হয় তখন আপনার কোন সলিসিটার থাকলে তার কাছেও পাঠানো হয় অথবা সরাসরি আপনার কাছে পাঠানো হয়।

আমার মতামতের কি মূল্য থাকবে?

আমরা আমাদের সমস্ত পরিষেবা ও কাজকর্ম সম্পর্কে প্রতিক্রিয়াকে স্বাগত জানাই কারণ তা আমাদের পরিষেবা- গঠন ও উন্নয়নে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। শিশু, ও তরুন ব্যক্তি, পিতামাতা, আত্মীয়স্বজন, কোর্ট ও অন্যান্য এজেন্সী - যারাই আমাদের পরিষেবা ব্যবহার করে তাদের প্রত্যেকের কাছ থেকে আমরা শুনতে চাইব।

এই প্রতিক্রিয়া হতে পারে:

- আমাদের নীতি (পলিসি) অথবা কাজের ধরণ অথবা আমাদের পরিষেবার অন্য যে কোন দিক সম্পর্কে একটি **মন্তব্য**
- আমাদের কাজ অথবা একজন আলাদা ‘ক্যাফকাস’ প্র্যাকটিশনার সম্পর্কে একটি **প্রশংসাবাদ**।
- আমাদের সঙ্গে আপনার কাজের যে কোন দিক সম্পর্কে একটি **অভিযোগ**

আমাদের পরিষেবা সম্পর্কে সমস্ত মন্তব্য,প্রশংসাবাদ এবং অভিযোগ আমরা রেকর্ড , তদারকি,পর্যালোচনা করব এবং ফলাফল আমাদের বার্ষিক রিপোর্টে প্রকাশিত হবে।

মন্তব্য ও প্রশংসাবাদের প্রতিক্রিয়া আমি কিভাবে জানাব?

যে কোন মন্তব্য বা প্রশংসাবাদ (লিখিতভাবেই জানা হয়) সংশ্লিষ্ট প্র্যাকটিশনারকে দিয়ে দিন অথবা এই লিফলেটের পেছনে দেওয়া ঠিকানায় স্থানীয় 'ক্যাসকাস' ম্যানেজারের কাছে সেগুলো পাঠিয়ে দিন। আপনার মন্তব্য বা মতামত yourviews@cafcass.gov.uk. তে ইমেইলের মাধ্যমে আমাদের জাতীয় অফিসেও পাঠিয়ে দিতে পারেন।

আপনার কেইসের শেষে আপনার কেইসের সঙ্গে যুক্ত প্র্যাকটিশনার অথবা তাদের ম্যানেজারের সঙ্গে একটি ফিডব্যাক মিটিং করার জন্য আপনি অনুরোধ করতে পারেন।

'ক্যাফকাস' যে পরিষেবা প্রদান করে তাতে যদি আমি খুশী না হই তবে কি হবে?

আমাদের লক্ষ্য সমস্ত পারিবারিক কার্যবিবরণীতে একটি উচ্চ গুণমানের পরিষেবা প্রদান করা এবং শিশুদের তাদের জীবনের সঙ্কটময় মুহূর্তে বক্তব্য প্রকাশের অধিকার দেওয়া। আমরা এইসব উদ্দেশ্য থেকে বিচ্যুত হয়েছি বলে কখন পরিষেবা ব্যবহারকারীরা বিশ্বাস করেন তা জানা আমাদের পক্ষে গুরুত্বপূর্ণ।

আমাদের একটি অভিযোগের পদ্ধতি আছে যা অভিযোগগুলো যাতে যথাসম্ভব দ্রুত, নিরপেক্ষভাবে ও কার্যকরভাবে মোকাবিলা করা হয় তা স্বনির্দিষ্ট করতে গঠিত হয়েছে। অভিযোগের পদ্ধতির একটি সূচনা নীচে দেওয়া হল। সম্পূর্ণ পদ্ধতিটি পরিষেবা ব্যবহারকারীদের[3] জন্য একটি পুস্তিকায় দেওয়া আছে, যা আপনার স্থানীয় 'ক্যাফকাস' অফিস থেকে পাওয়া যায় অথবা www.cafcass.gov.uk. তে ইনফরমেশান সেকশানে সহজে পাওয়া যাবে।

আমি যদি একটি অভিযোগ করতে চাই তবে কি হবে?

প্রথমত: আপনি পরিষেবার কোন দিক নিয়ে অখুশী কিনা তা সবসময় সংশ্লিষ্ট প্র্যাকটিশনারকে কে জানানো উচিত। বিষয়গুলো মেটানোর একটি স্বযোগ থাকতে পারে। বিকল্প হিসেবে আপনার কেসের শেষে আপনি একটি ফিডব্যাক মিটিং (প্রতিক্রিয়া জানানোর আলোচনা সভা) অনুরোধ করতে পারেন।

যদি আপনি তা করতে না চান এবং তার বদলে এগিয়ে যেতে চান এবং একটি অভিযোগ করতে চান, তবে যত তাড়াতাড়ি সম্ভব স্থানীয় 'ক্যাফকাস' ম্যানেজারের সঙ্গে যোগাযোগ করুন, একটি অভিযোগ জানানোর জন্য নীচে দেওয়া সময়সারণীর (টাইমস্কেলের) কথা মনে রাখবেন।

[3] Your Views Count – How to make a comment, compliment or complaint about our work

যদি আপনি রিপোর্টের বিষয়বস্তুর সঙ্গে একমত না হন তবে এটি কোর্টের শুনানীর সময় উত্থাপন করাই সবচেয়ে ভাল হবে।
আমাদের কাছে অভিযোগ জানিয়ে কোর্টের সিদ্ধান্তের ফলাফল পাল্টানো সম্ভব নয়। কোর্টের দ্বারা নেওয়া সিদ্ধান্তের সঙ্গে যদি আপনি একমত না হন তবে আপনার কোর্টের সিদ্ধান্তের বিরুদ্ধে একটি সম্ভাব্য আপীল সম্পর্কে আইনী পরামর্শ নেওয়া প্রয়োজন।

এটি লক্ষ্য করা খুবই গুরুত্বপূর্ণ যে কিছু সময়সীমা আছে যার মধ্যে আমরা অভিযোগ গ্রহণ করবো। প্রাপ্ত বয়স্কদের জন্য ঘটনা ঘটার তিন মাসের মধ্যে। এই সব সময়সীমার বিশদ বিবরণের জন্য 'ইউর ভিজিট কাউন্ট' (*'Your Views Count'*) পুস্তিকাটি দেখুন।

আপনি আমাদের দ্বারা আপনার অভিযোগের প্রাপ্তিস্বীকার পাঁচটি কাজের দিনের মধ্যে আশা করতে পারেন।

শিশুদের দ্বারা যে কোন বিষয়ের ওপর অভিযোগ নেওয়া যেতে পারে। যে শিশু একটি অভিযোগ করতে চায় তাকে সম্পূর্ণ পদ্ধতিটি জুড়ে একজন নিরপেক্ষ উকিলের সহযোগিতা দেওয়া হবে।

শিশু নিরাপত্তা

শিশুরা কোন গুরুত্বপূর্ণ ক্ষতির ঝুঁকির মধ্যে আছে কিনা তা খুঁজে বের করতে আমরা অন্যান্য এজেন্সীদের দিয়ে পরীক্ষা করাই। যেখানে শিশুরা গৃহগত হিংসাত্মক কাজের শিকার হয় তাও এর অন্তর্ভুক্ত রয়েছে। পুলিশ, সোস্যাল সার্ভিস এবং চাইল্ড প্রোটেকশান রেজিস্টারকে নিয়ে নিয়মমাফিক পরীক্ষা করা হয়। অতিরিক্ত এজেন্সীদের (উদাহরণস্বরূপ জি পি, স্কুল) দিয়ে অধিক পরীক্ষার দরকার আছে কিনা তা আমরা আপনাদের জানাব। কোর্টের জন্য একটি রিপোর্ট তৈরীতে তথ্য ব্যবহার করা হবে এবং সোস্যাল সার্ভিসকে ও দেওয়া হতে পারে।

যে সব ব্যবস্থা শিশুদের বা তরুণ-তরুণীদের এবং তাদের কেয়ারারদের নিরাপত্তাকে ঝুঁকির মধ্যে ফেলে সেগুলোকে আমরা সমর্থন করবো না।

বৈচিত্র

আমাদের উদ্দেশ্য শিশুদের ব্যক্তিগত চাহিদাগুলোর জন্য লড়াই করা এবং তারা যে বিভিন্ন কমিউনিটির মধ্যে বড় হয় সেগুলোকে মূল্য দেওয়া। শিশুদের ও তাদের পরিবারদের প্রতি আমাদের পরিষেবার মানের নিরবচ্ছিন্নভাবে উন্নয়ন ঘটাতে আমরা আমাদের পরিষেবা ব্যবহারকারীদের বৈচিত্র সম্পর্কিত তথ্য যেমন জাতিগত উৎপত্তি, ভাষা ও বিশেষ চাহিদা - রেকর্ড করি ও তদারকি করি। এই তথ্য আমাদেরকে 'রেইস রিলেশানস্ এমেন্ডমেন্ট এ্যাক্ট 2000',

‘ডিসএবিলিটি ডিসক্রিমিন্যাশান এ্যাক্ট 1995’ এবং ‘ওয়েলস্ ল্যাঙ্গুয়েজ এ্যাক্ট 1993’ এর চাহিদামত জাতিগত সাম্য ও পরিষেবার প্রতি অধিগম্যতা বাড়াতে সাহায্য করে।

তথ্য

যেভাবে আমরা তথ্য সংগ্রহ করি, গঠন করি ও সহজলভ্য করি তা আইন দ্বারা পরিচালিত হয়। এই পয়েন্টগুলো আপনার কাছে গুরুত্বপূর্ণ হতে পারে।

- আমাদের কাজের প্রকৃতি অনুযায়ী আমাদের পরিষেবা ব্যবহারকারীদের সম্পর্কিত ব্যক্তিগত তথ্য গঠন করার প্রয়োজন হয়। এই সমস্ত কাজকর্ম ‘ডাটা প্রোটেকশান এ্যাক্ট 1998’ অনুযায়ী গ্রহণ করা হয়। ‘ডাটা প্রোটেকশান রেজিষ্টারে’ আমাদের অনুপ্রবেশ www.cafcass.gov.uk. তেপাওয়া যেতে পারে।

- ডাটা প্রোটেকশান এ্যাক্ট এর অধীনে আমরা আপনার ওপর যে সব তথ্য রাখি তার কপি চাওয়ার অধিকার আপনার রয়েছে।

- আমরা ‘ফ্রিডম অফ ইনফেমেশান এ্যাক্ট 2000’ অনুযায়ী পরিষেবা সম্পর্কে তথ্য দিতে দায়বদ্ধ।

ডাটা প্রোটেকশান এ্যাক্ট অথবা ফ্রিডম অব ইনফরমেশ্যান এ্যাক্ট অনুযায়ী আমরা কিভাবে কাজ করি সে সম্পর্কে আরও বিস্তৃত বিবরণের জন্য দয়া করে www.cafcass.gov.uk. তে আমাদের ওয়েবসাইটের ‘ইনফরমেশ্যান’ সেকশানে ভিজিট করুন অথবা আপনার স্থানীয় ‘ক্যাফকাস’ অফিসে যোগাযোগ করুন।

আমাদের ওয়েবসাইটে আমাদের পুরো সার্ভিস সম্বন্ধে অধিক তথ্য রয়েছে।

www.cafcass.gov.uk

V3-05